এক নজরে রাজধানীর কোথায়, কত করোনারোগী শনাক্ত

বিশ্বব্যাপী মহামারী রূপ নিয়েছে করোনাভাইরাস। ইতোমধ্যে ভাইরাসটি বিশ্বের ২১০টি দেশ ও অঞ্চলে থাবা বসিয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি আক্রান্ত ও মৃত্যু হয়েছে মার্কিন যুক্তরাষ্টে।

বাংলাদেশেও এরই মধ্যে থাবা বসিয়েছে মারণ এই ভাইরাস। তবে বাংলাদেশে এর প্রভাব এখনও নিয়ন্ত্রণে রয়েছে।

এখন পর্যন্ত বাংলাদেশ মোট সংক্রমণ পাওয়া গেছে ৬২১টি। এর অধিকাংশই রাজধানী ঢাকায়।
এখন পর্যন্ত রাজধানীর ৭৫ পাওয়া গেছে এলাকায় করোনাভাইরাসের সংক্রমণ।

আইইডিসিআর’র তথ্যানুসারে, ২৪ ঘণ্টায় ১৩৯ জন করোনা আক্রান্ত শনাক্ত হয়েছে। এতে এখন পর্যন্ত করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৬২১ এ। এ পর্যন্ত মারা গেছেন ৩৪ জন। আর সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৩৯ জন।

আইইডিসিআর’র তথ্যে দেখা যায়, ঢাকায় করোনা হটস্পট হচ্ছে মিরপুর। সেখানে ৫২ জন কভিড-১৯ আক্রান্ত হয়েছেন। মিরপুরের টোলারবাগ সর্বোচ্চ আক্রান্ত এলাকা, সেখানে ১৯ জন করোনা আক্রান্ত। তারপরেই রয়েছে মিরপুর-১১, সেখানে আক্রান্ত হয়েছেন ১০ জন।

মিরপুরে করোনা আক্রান্ত শনাক্ত হয়েছে এমন অন্যান্য এলাকা হচ্ছে— মিরপুর-১২ (৮ জন), মিরপুর-১ (৫ জন), মিরপুর-১০ (৫ জন), মিরপুর-৬ (২ জন), মিরপুর-১৩ (২ জন) এবং কাজীপাড়া (১ জন)।

মিরপুর ছাড়াও যেসব এলাকায় করোনা রোগী শনাক্ত হয়েছে: উত্তরা (১৭ জন), ওয়ারী (১৬ জন), ধানমণ্ডি (১৪ জন), লালবাগ (১৩ জন), মোহাম্মদপুর (১২ জন), বাসাবো (১২ জন), যাত্রাবাড়ী (১১ জন ) এবং হাজারীবাগ (৮ জন)। রাজধানীর বনানী, বংশাল ও মহাখালীতে সাত জন করে কভিড-১৯ রোগী শনাক্ত হয়েছে।

পরিস্থিতি সামাল দিতে, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) রাজধানীর ৫৪ এলাকা লকডাউন করেছে বলে জানা গেছে।

ঢাকার পর সবচেয়ে বেশি করোনা আক্রান্ত শনাক্ত হয়েছে নারায়ণগঞ্জে। আইইডিসিআরের তথ্যে সেখানে ১০৭ জন করোনা আক্রান্ত। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

বন্ধু করে ধর্ষণ, ভিডিও করে বান্ধবীরা, অতঃপর…

সিরাজগঞ্জের উল্লাপাড়ায় প্রেমের ফাঁদে ফেলে কলেজছাত্রীকে ধর্ষণ ও ভিডিওচিত্র ধারণ করে ব্লাকমেইলের অভিযোগে ধর্ষকসহ ৭ শিক্ষার্থীকে আটক করা হয়েছে। উল্লাপাড়া থানা পুলিশ শনিবার বিকেল থেকে রাত পর্যন্ত অভিযান চালিয়ে তাদের আটক করে।

আটককৃতরা হল- ধর্ষক ইব্রাহীম হোসেন তানভীর ও তার সহযোগী উল্লাপাড়া বিজ্ঞান কলেজের শিক্ষার্থী বন্ধন, পুর্নতা, মিম, রিফাত, ঢাকা কলেজের ছাত্র তুষার ও টাঙ্গাইল পলিটেকনিক ইন্সটিটিউটের ছাত্র সুমন। এদের মধ্যে বন্ধন ও পূর্ণতা পাবনার সাঁথিয়া উপজেলার বাসিন্দা বাকিরা উল্লাপাড়ার বাসিন্দা। ধর্ষক ইব্রাহীম হোসেন তানভীর উল্লাপাড়া পৌরসভার ঝিকিড়া মহল্লার কামররুজ্জামান স্বপনের ছেলে। সে চলতি বছরের এইচএসসি পরীক্ষার্থী।

উল্লাপাড়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা দীপক কুমার দাস জানান, প্রেমের ফাঁদে ফেলে ২০১৭ সালের ১৫ আগষ্ট ইব্রাহীম হোসেন তানভীর রাজশাহী সিটি কলেজের এক ছাত্রীকে নিজ বাড়িতে এনে ধর্ষণ করে। এ সময় কয়েক জন বন্ধু ও বান্ধবী ধর্ষণের ভিডিওচিত্র ধারণ করে। এসব ভিডিও চিত্রের ভয় দেখিয়ে তাকে বেশ কয়েক বার ধর্ষণ করা হয়। আর সম্প্রতি ধর্ষক ইব্রাহীম হোসেন তানভীরসহ তার বন্ধুরা ওই ভিডিওটি বিভিন্ন জনের মোবাইলে পাঠায়।
এ অবস্থায় গত ১০ এপ্রিল ওই কলেজছাত্রীর বাবা বাদী হয়ে তানভীর ও তার ৬ বন্ধুর বিরুদ্ধে উল্লাপাড়া থানায় মামলা দায়ের করেন। পরে শনিবার বিকেল ও রাতে নিজ নিজ বাড়ি থেকে ৭ শিক্ষার্থীকে গ্রেফতার করে সিরাজগঞ্জ আদালতের মাধ্যমে রবিবার জেলহাজতে পাঠানো হয়েছে। তিনি আরও জানান, আটকৃকতরা জিজ্ঞাসাবাদে তাদের অপকর্মের কথা

স্বীকার করেছে।

সূত্র-বাংলাদেশ প্রতিদিন

আজ সন্ধ্যায় জাতির উদ্দেশ্যে ভাষণ দিবেন প্রধানমন্ত্রী

আজ সন্ধ্যায় জাতির উদ্দেশ্যে ভাষণ দিবেন প্রধানমন্ত্রী।

ধারণা করা হচ্ছে, করোনাভাইরাসের সংক্রমণে সরকারের নেওয়া পদক্ষেপ ও প্রয়োজনীয় প্রস্তুতি তুলে ধরতে জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভাষণে তিনি দেশবাসীকে আশস্ত করার পাশাপাশি নাগরিক হিসেবে করণীয় সংক্রান্ত দিক নির্দেশনা দিবেন।

সূত্র-বাংলাদেশ প্রতিদিন

লকডাউনে ঘরে খাবার নেই, ৫ সন্তানকে গঙ্গায় ভাসিয়ে দিলেন অসহায় মা!

করোনাভাইরাসের প্রভাব পড়েছে ভারতেও। ভাইরাসটি প্রতিরোধে দেশটিতে চলছে লকডাউন। এমন অবস্থায় দেশটিতে অনেকেই পড়েছেন চরম খাদ্য সংকটে। খাবার জুটাতে না পেরে এক নারী তার ৫ সন্তানকে গঙ্গায় ভাসিয়ে দিয়েছেন বলে গণমাধ্যমে খবর এসেছে।

জানা গেছে, সংসারে নুন আনতে পান্তা ফুরোয় অবস্থা ওই নারীর। তার মধ্যে গত কয়েকদিন ধরে চলা লকডাউনের ফলে আয়ের পথ সম্পূর্ণ বন্ধ

হয়ে গেছে। ঘরে যেটুকু খাবার সঞ্চিত ছিল এই ক’দিনে তাও ফুরিয়ে যায়। খাবারের জোগাড় করতে না পেরে ৫ সন্তানকে গঙ্গায় ফেলে দিলেন অসহায় এক মা।

রবিবার এই মর্মান্তিক ঘটনাটি ঘটেছে উত্তরপ্রদেশের ভাদোহি জেলায়। এদিকে, পুলিশের কাছে খবর যাওয়ার মুহূর্তের মধ্যে প্রশাসনের শীর্ষ কর্মকর্তারা ঘটনাস্থলে আসেন। শিশুদের খোঁজে গঙ্গায় শুরু হয়েছে তল্লাশি। অভিযুক্ত নারীকে গ্রেফতার করেছে পুলিশ। তিনি মানসিকভাবে অসুস্থ বলে জানিয়েছে পুলিশ।

যদিও সূত্র জানাচ্ছে, অভিযুক্ত নারী একজন দিন আনা দিন খাওয়া মজুর। ক্ষুধার্ত সন্তানদের কষ্ট সহ্য করতে না পেরেই তিনি তাদের গঙ্গায় ফেলে দেন বলে স্থানীয়দের জানিয়েছিলেন।

সূত্র: এই সময়

পটিয়ায় করোনায় ৬ বছরের শিশুর মৃত্যু

চট্টগ্রামের পটিয়ায় করোনাভাইরাসে আক্রান্ত ৬ বছরের শিশু গতকাল রোববার রাতে মারা গেছে। আন্দরকিল্লার জেনারেল হাসপাতালে আনার পরপরই প্রতিবন্ধী ছেলেশিশুটি মারা যায়।

গতকাল রাত আটটার দিকে শিশুটির নমুনা পরীক্ষার ফলাফলে করোনা পজিটিভ আসে। তখনো শিশুটি পটিয়া উপজেলার বাড়িতে ছিল। পরে রাতে জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়। জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক অসীম কুমার নাথ বলেন, দিবাগত রাত ২টা ১০ মিনিটে শিশুটিকে ভর্তি করা হয়। ২০ মিনিট পর মারা যায়। তার জ্বর ও শ্বাসকষ্ট ছিল। চিকিৎসা শুরু হতে হতেই মারা যায়।

কীভাবে শিশুটি আক্রান্ত হয়েছে, তা তিনি জানাতে পারেননি। এ নিয়ে চট্টগ্রামে করোনায় দুজনের মৃত্যু হলো। মোট আক্রান্ত ১৪ জন। ১২ জন চিকিৎসাধীন।

সূত্র-প্রথম আলো

যশোরে প্রথম করোনা আক্রান্ত ব্যক্তি শনাক্ত

যশোরের মনিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত একজন স্বাস্থ্য সহকারী করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। ৩৩ বছর বয়সী ওই স্বাস্থ্য সহকারী ইউনিয়ন পরিষদের ওয়ার্ডে গিয়ে শিশুদের টিকাদান (আইপিই) কাজে নিয়োজিত ছিলেন।

খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের করোনা পরীক্ষাগার থেকে আজ রোববার ওই স্বাস্থ্যকর্মীর নমুনা পরীক্ষার পজিটিভ ফল যশোরের সিভিল সার্জনকে জানানো হয়েছে। এই প্রথম যশোর জেলায় করোনাভাইরাসে আক্রান্ত ব্যক্তি শনাক্ত হলো।

করোনা আক্রান্ত ওই স্বাস্থ্যকর্মী বর্তমানে মনিরামপুর উপজেলায় তাঁর শ্বশুরবাড়িতে অবস্থান করছেন। তাঁকে যশোর বক্ষব্যাধি হাসপাতালের করোনা চিকিৎসা ইউনিটে নেওয়ার প্রক্রিয়া চলছে। যেসব চিকিৎসক তাঁকে চিকিৎসাসেবা দিয়েছেন এবং তাঁর সংস্পর্শে আসা ব্যক্তিদের শনাক্ত করে কোয়ারেন্টিনে রাখাসহ এলাকা লকডাউন করার প্রক্রিয়া চলছে।

এ বিষয়ে যশোরের সিভিল সার্জন শেখ আবু শাহীন বলেন, মনিরামপুর স্বাস্থ্য কমপ্লেক্সের একজন পুরুষ স্বাস্থ্যকর্মী করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। ওই কর্মীর শরীরে করোনার লক্ষণ দেখা দিলে ৮ এপ্রিল নমুনা সংগ্রহ করে ল্যাবে পাঠানো হয়েছিল। তিনি বলেন, করোনা আক্রান্ত ওই ব্যক্তির শরীরে জ্বর ও মুখে ঘা রয়েছে। সর্দি-কাশি বা শ্বাসকষ্টের কোনো লক্ষণ তাঁর শরীরে নেই।

সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, করোনার লক্ষণ থাকায় যশোর জেলা থেকে এ পর্যন্ত ১০১ জনের নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে পাঠানো হয়েছে। এর মধ্যে ৮২ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। করোনাভাইরাসের উপস্থিতি পাওয়া গেছে একজনের শরীরে।

সূত্র-প্রথম আলো

বেতনের দাবিতে লকডাউন ভেঙে সড়কে পোশাক শ্রমিকরা

করোনাভাইরাস আতঙ্কের মধ্যেও বেতনের দাবিতে লকডাউনের নিয়ম ভেঙে রাস্তায় নেমেছে গাজীপুরের কয়েকটি পোশাক কারখানার শ্রমিকরা। রবিবার সকালে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করে তারা।

শ্রমিকদের অভিযোগ, ফেব্রুয়ারি মাস থেকে এপ্রিল পর্যন্ত তিন মাসের বেতন দেওয়া হচ্ছে না। কারখানা কর্তৃপক্ষ দেই-দিচ্ছি করে ঘুরাচ্ছে। এখন আমাদের ঘরে খাবার নেই। বাড়িভাড়া ও দোকান বাকি পড়ে আছে। পাওনাদারদের জন্য বাসা থেকে বের হতে পারছি না। এর মধ্যে গাজীপুর লকডাউন করা হয়েছে। এখন আমাদের না খেয়ে মরার উপক্রম হয়েছে। তাই বাধ্য হয়ে পেটের দায়ে আজ সকাল ৯টার দিকে মহাসড়ক অবরোধ করেছি।

গাছা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইসমাইল হোসেন সাংবাদিকদের জানান, দুই মাসের বকেয়া বেতন দাবিতে পোশাক শ্রমিকরা মহাসড়কে নেমে বিক্ষোভ করেন। পরে কারখানা কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে আগামী ১৬ এপ্রিল বেতন দেয়ার আশ্বাস দিলে শ্রমিকরা অবরোধ প্রত্যাহার করে চলে যান। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

সূত্র-বাংলাদেশ প্রতিদিন

ছবি তোলে ত্রাণ কেড়ে নেয়া সেই চেয়ারম্যান বরখাস্ত

ত্রাণ কেড়ে নেয়া চট্টগ্রামের ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নুরুল আবছারকে বরখাস্ত করা হয়েছে।

রবিবার বিকালে তার বহিষ্কার আদেশের বিষয়ে প্রজ্ঞাপন জারি করে স্থানীয় সরকার বিভাগ।

বরখাস্ত হওয়া ইউনিয়র পরিষদ চেয়ারম্যান চট্টগ্রামের হাটহাজারী উপজেলার ৩নং মির্জাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ছিলেন। চট্টগ্রামের জেলা প্রশাসক মো. ইলিয়াস হোসেন বলেন, ‘ত্রাণ অনিয়মের অভিযোগ প্রমাণিত হওয়ায় মির্জাপুরের চেয়ারম্যান নুরুল আবছারকে বরখাস্ত করা হয়েছে। ওই ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন ১নং প্যানেল চেয়ারম্যান।’

হাটহাজারী উপজেলার মির্জাপুর ইউনিয়নের চেয়াম্যান নুরুল আবছার গত ৬ এপ্রিল ত্রাণ দেয়ার কথা বলে ২৬টি পরিবারকে পরিষদে ডেকে নেয়। এরপর ফটোসেশন করে তাদের কাছ থেকে ত্রাণ কেড়ে নেয়। এর প্রতিবাদ করায় ওই পরিবারগুলোর উপর হামলা চালায় চেয়ারম্যানের লোকজন। এ ঘটনায় সংবাদ প্রকাশিত হলে তোলপাড় সৃষ্টি হয়। এরপর বিতর্কিত এ চেয়ারম্যানকে বহিষ্কার করা হয়।

সূত্র-বাংলাদেশ প্রতিদিন

যেভাবে রাতের আঁধারে দাফন করা

হয় খুনি মাজেদের লাশ

যেভাবে রাতের আঁধারে দাফন করা হয় খুনি মাজেদের লাশ,বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মস্বীকৃত খুনি মাজেদের ফাঁসি কার্যকরের পর ভোলার বোরহানউদ্দিন উপজেলার বাটামারা নিজ গ্রামে লাশ দাফন করার কথা থাকলেও স্থানীয়দের বাধার মুখে তা করা সম্ভব হয়নি।

বহু নাটকীয়তার পর কঠোর গোপনীয়তার মধ্যে শনিবার দিবাগত রাত ৩টার দিকে বৈরী আবহাওয়ার মধ্যে নারায়ণগঞ্জের সোনারগাঁও উপজেলার শম্ভুপুরা ইউনিয়নের হোসেনপুর এলাকায় মাজেদের শ্বশুরবাড়িতে লাশ দাফন করা হয়।

খুনি আবদুল মাজেদের শ্বশুরবাড়ির লোকজন অতি গোপনে লোকচক্ষুর অন্তরালে পারিবারিক কবরস্থানে তার লাশ দাফনের পরই তারা রাতের আঁধারে এলাকা ত্যাগ করে। এলাকাবাসী কিছুই টের পায়নি।

নাম প্রকাশে অনিচ্ছুক শম্ভুপুরার হোসেনপুর এলাকার একাধিক ব্যক্তি জানান, শনিবার দিবাগত রাত ৩টার দিকে বঙ্গবন্ধুর খুনি আবদুল মাজেদের লাশ তার চাচা শ্বশুর আক্কাস আলী ও পরিবারের স্বজনরা অ্যাম্বুলেন্সযোগে হোসেনপুর এলাকায় নিয়ে আসেন।

এ সময় লাশের পেছনে প্রশাসন ও পুলিশের একাধিক গাড়ি টহলরত অবস্থায় ছিল। পরে বৈরী আবহাওয়ার মধ্যেই তড়িঘড়ি করে তার শ্বশুরবাড়ির ৪-৫ জন লোক মিলে প্রথমে জানাজা দেয়।

পরে খুব গোপনে লাশটি দাফন করে এলাকা ছেড়ে চলে যায়। সকালে এলাকাবাসী বিষয়টি জানার পর চরম ক্ষোভে ফেটে পড়েন এবং মাজেদের শ্বশুরবাড়িতে গিয়ে ভিড় করেন।

তবে হোসেনপুর এলাকায় লাশ দাফনের বিষয়টি পুলিশ ও স্থানীয় প্রশাসনের কেউ আগে থেকে জানত না বলে দাবি করা হয়। তারা বিষয়টি পরে জেনেছেন বলে স্বীকার করেন।

হোসেনপুর এলাকায় বসবাসরত সোনারগাঁও থানা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি আবু সিদ্দিক মোল্লা জানান, আবদুল মাজেদ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে নৃশংসভাবে হত্যা করেছে। জাতীয় চার নেতাকে হত্যা করেছে। তার মতো আত্মস্বীকৃত খুনির স্থান সোনারগাঁওয়ের পবিত্র মাটিতে হবে না। এ ব্যাপারে ওসমান গনি ও বীর

মুক্তিযোদ্ধা জামান মোল্লা জানান, সোনারগাঁওয়ের পবিত্র ভূমিতে খুনি মাজেদের লাশ রাখতে দেয়া হবে না। এ ব্যাপারে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। প্রশাসন এগিয়ে না এলে মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের নেতৃবৃন্দদের নিয়ে কবর থেকে লাশ তুলে মেঘনা নদীতে ভাসিয়ে দেয়া হবে।

সূএ-যুগান্তর

দেশে করোনায় আরও ৪ জনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে আরও ৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে প্রাণঘাতী এই ভাইরাসে দেশে মোট মৃতের সংখ্যা দাঁড়াল ৩৪ জনে। এছাড়া গত ২৪ ঘণ্টায় নতুন করে করোনা আক্রান্ত রোগী শনাক্ত হয়েছেন ১৩৯ জন। এ নিয়ে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৬২১ জনে।

রবিবার দুপুরে রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইন্সটিটিউটের পরিচালক মীরজাদী সেব্রিনা ফ্লোরা ভিডিও বার্তায় এ তথ্য জানান। তিনি আরও বলেন, দেশে আরও তিনজনকে করোনামুক্ত ঘোষণা করা হয়েছে। এদের মধ্যে দুইজন পুরুষ ও একজন নারী। পুরুষ দু’জনের একজন চিকিৎসক।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন